(ii) $S^{-1} = \{(4, 1), (1, 2), (0, 3), (1, 4), (4, 5)\}$
(iii) S একটি ফাংশন

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ নিচের তথ্যের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :

$$F(x) = \sqrt{x-1}$$

১১। $F(x) = 5$ হলে, x এর মান কত?

- ক $\sqrt{10}$ খ $\sqrt{26}$
গ 10 ঘ 26

১২। নিচের কোনটি সঠিক?

- ক ডোম $F = \{x \in R : x \neq 1\}$
খ ডোম $F = \{x \in R : x \geq 1\}$
গ ডোম $F = \{x \in R : x \leq 1\}$
ঘ ডোম $F = \{x \in R : x < 1\}$

১৩। $2^\circ =$ কত রেডিয়ান?

- ক $\frac{\pi}{45}$ খ $\frac{\pi}{90}$
গ $\frac{\pi}{180}$ ঘ $\frac{\pi}{360}$

১৪। পিরামিডের আয়তন কত ঘন একক?

- ক $\frac{1}{3} \times$ ভূমির ক্ষেত্রফল \times উচ্চতা
খ $\frac{1}{2} \times$ ভূমির ক্ষেত্রফল \times উচ্চতা
গ ভূমির ক্ষেত্রফল \times উচ্চতা
ঘ $\frac{3}{4} \times$ ভূমির ক্ষেত্রফল \times উচ্চতা

১৫। $\cos \theta = \frac{4}{5}$ এবং θ সূক্ষ্মকোণ হলে $\operatorname{cosec} \theta$ এর মান কত?

- ক $\frac{3}{5}$ খ $\frac{2}{5}$
গ $\frac{5}{3}$ ঘ $\frac{5}{2}$

■ নিচের তথ্যের আলোকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :

 ΔABC -এর $AB = AC = 5$ সে.মি., $\Delta AD \perp BC$ এবং $BC = 6$ সে.মি.১৬। ΔABC -এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

- ক 12 খ 13
গ 14 ঘ 15


১৭। AB ও AD এর মধ্যবর্তী কোণ হলে কত?

- ক $\frac{1}{3}$ খ $\frac{1}{2}$
গ $\frac{2}{3}$ ঘ $\frac{3}{4}$

১৮। $7^x = y$ হলে কোনটি সঠিক?

- ক $x = 7 \log y$ খ $x = \log_7 y$
গ $x = \log_7 7$ ঘ $x = \log_7 y$

■ নিচের চিত্রের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :



QS = 8 cm, PS = 5 cm, PR = 3 cm

১৯। PS এর লম্ব অভিক্ষেপ কোনটি?

- ক SR খ PR
গ PQ ঘ QS

২০। $PQ^2 =$ কত?

- ক $PS^2 + QS^2 + 2SQ \cdot SR$
খ $PS^2 - QS^2 + 2QS \cdot SR$
গ $PS^2 + QS^2 - 2SQ \cdot SR$
ঘ $PS^2 + QS^2$

২১। $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূল দুটির যোগফল কত?

- ক $\frac{b}{2a}$ খ $\frac{c}{a}$
গ $-\frac{b}{2a}$ ঘ $-\frac{b}{a}$

২২। $\sin \theta = -\frac{1}{\sqrt{2}}$ এবং $\sin \theta$ ও $\cos \theta$ একইচিহ্নযুক্ত হলে θ কোণটি কোন চতুর্ভাগে অবস্থিত হবে?

- ক ১ম খ ৩য়
গ ২য় ঘ ৪র্থ

২৩। একটি মুদ্রাকে তিনবার নিক্ষেপ করা হলো। T অপেক্ষা অধিকবার H আসার সম্ভাবনা কত?

- ক $\frac{1}{6}$ খ $\frac{1}{3}$
গ $\frac{1}{2}$ ঘ $\frac{2}{3}$

২৪। $4\sqrt{x} = 8$ হলে \sqrt{x} এর মান কত?

- ক $\frac{9}{4}$ খ $\frac{3}{2}$
গ $\frac{5}{4}$ ঘ $\frac{2}{3}$

২৫। $(1 + 2x + x^2)^{2n}$ এর বিস্তৃতিতে পদের সংখ্যা 9 হলে n = ?

- ক 1 খ 3
গ 2 ঘ 4

উচ্চতর গণিত (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[বিশেষ দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ : বীজগণিত			
১।	$P(x) = x^2 + x - 12$ $Q(x) = 9x + 2$ (ক) $F(x) = 3^x$ এর ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। (খ) যদি $P(x)$ কে $3x - a$ এবং $3x - b$ দ্বারা ভাগ করলে একই ভাগশেষ থাকে যেখানে $a \neq b$, তবে দেখাও যে, $\frac{1}{a} + \frac{1}{b} + \frac{3}{ab} = 0$ (গ) $\frac{Q(x)}{P(x)}$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর।	২	৫। $A(3, 4), B(-4, 2), C(k^2, 2k)$ (ক) দেখাও যে, A ও B বিন্দুর সংযোগ সরলরেখা অক্ষের সাথে সূক্ষকোণ উৎপন্ন করে। (খ) $P(x, y)$ বিন্দুটি A ও B থেকে সমদূরবর্তী হলে দেখাও যে, $14x + 4y = 5$ (গ) C বিন্দুগামী এবং $\frac{1}{k}$ ঢালবিশিষ্ট সরলরেখাটি (5, 6) বিন্দুগামী হলে k এর মান নির্ণয় কর।
২।	$x = 4 + 44 + 444 + \dots$ $Y = 1 + (3x - 1)^{-1} + (3x - 1)^{-2} + \dots$ (ক) $3 = \tan 45^\circ + \log_{qr}$ হলে প্রমাণ কর যে, $\frac{p}{q} = \frac{q}{r}$ (খ) 'X' ধারাটির প্রথম n সংখ্যক পদের সমষ্টি নির্ণয় কর। (গ) x এর উপর কী শর্ত আরোপ করলে ধারাটির অসীমতক সমষ্টি থাকবে এবং সেই সমষ্টি নির্ণয় কর।	২	৬। $A(1, 4x)$ এবং $B(5, x^2 - 1)$ বিন্দুগামী রেখার ঢাল -1 এবং PQRS সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। (ক) x -এর মান নির্ণয় কর। (খ) 'ক' -এ প্রাপ্ত x এর মানদ্বয়ের জন্য যে চারটি বিন্দু পাওয়া যাবে তাদেরকে C, D, E, F ধরে গঠিত চতুর্ভুজ CDEF -এর প্রকৃতি ও ক্ষেত্রফল নির্ণয় কর। (গ) ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $PO = OR$ এবং $QO = OS$.
৩।	$a = 2 - x$ এবং $b = \left(1 + \frac{1}{2}x\right)^8$ (ক) $(25)^x = (125)^y$ হলে, x : y এর মান নির্ণয় কর। (খ) ab কে x -এর ঘাতের উর্ধ্বক্রম অনুসারে x^4 পর্যন্ত বিস্তৃত কর। (গ) 'খ' নং হতে প্রাপ্ত ফলাফল ব্যবহার করে $1.9 \times (1.05)^8$ এর মান নির্ণয় কর (তিন দশমিক স্থান পর্যন্ত)।	২	গ-বিভাগ : ত্রিকোণমিতি ও সম্ভাবনা
	খ-বিভাগ : জ্যামিতি ও ভেক্টর		৭। $P = \tan\theta, Q = \sec\theta$ এবং $R = \sin\theta + \cos\theta$ (ক) $\cot\left(\theta - \frac{9\pi}{2}\right)$ এর মান নির্ণয় কর। (খ) $P + Q = y$ হলে প্রমাণ কর যে, $\sin\theta = \frac{y^2 - 1}{y^2 + 1}$ (গ) $R = 1$ প্রমাণ কর যে, $\sin\theta - \cos\theta = \pm 1$
৪।	ΔPQR -এ PM, QN এবং RS মধ্যমাত্রয় O বিন্দুতে ছেদ করেছে। (ক) O বিন্দুটির নাম কী? O বিন্দু PM কে কী অনুপাতে বিভক্ত করে? (খ) ΔPQR হতে $PQ^2 + PR^2 = 2(PM^2 + QM^2)$ সম্পর্কটি প্রতিষ্ঠিত কর। (গ) দেখাও যে, ΔPQR -এর বাহু তিনটির বর্গের সমষ্টি O বিন্দু হতে শীর্ষবিন্দু তিনটির দূরত্বের বর্গের সমষ্টির তিনগুণ।	২	৮। 3 সে.মি. ব্যাসের একটি মুদ্রা তিনবার নিক্ষেপ করা হলো। (ক) উদ্দীপকের উল্লিখিত ব্যাসের একটি অর্ধ গোলকের আয়তন নির্ণয় কর। (খ) উদ্দীপকের সম্ভাব্য ঘটনার Probability tree অঙ্কন করে তিনটি হেড ও কমপক্ষে একটি টেল পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর। (গ) দেখাও যে, উদ্দীপকের মুদ্রাটি n -সংখ্যক বার নিক্ষেপ করলে সংঘটিত ঘটনা 2^n কে সমর্থন করে।



আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা
নির্বাচনি পরীক্ষা-২০২৪; উচ্চতর গণিত (বহুনির্বাচনি)

সময় : ২৫ মিনিট

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

- ১। $15x^2 + 24x^3 - 3x^4 + 2x + 6$ বহুপদটির মুখ্য সহগ কত?
ক) 15 খ) 24
গ) -3 ঘ) 2
- ২। $x^3 + Px^2 + 3x - 15$ এর উৎপাদক $(x - 5)$ হলে $P =$ কত?
ক) -5 খ) 5
গ) $\frac{3}{5}$ ঘ) 3
- ৩। $\log_8\sqrt{8} + \log_2\sqrt{2}$ এর মান কোনটি?
ক) $\frac{1}{2}$ খ) 2
গ) 1 ঘ) $2\sqrt{2}$
- ৪। $A = \{x : x \in \mathbb{N} \text{ এবং } 4 \leq x \leq 8\}$ হলে $P(A)$ এর উপাদান সংখ্যা কত?
ক) 32 খ) 16
গ) 5 ঘ) 4
- ৫। কোন অনুক্রমের n তম পদ $= \frac{3 - (-1)^n}{4}$ হলে, এর n তম পদ কোনটি?
ক) $\frac{3}{4}$ খ) $\frac{1}{2}$
গ) $\frac{1}{4}$ ঘ) 1
- ৬। $F(x) = \sqrt{3x - 2}$ এর ডোমেন হলো-
ক) $\left\{ x \in \mathbb{R} : x > \frac{2}{3} \right\}$
খ) $\left\{ x \in \mathbb{R} : x \geq \frac{2}{3} \right\}$
গ) $\left\{ x \in \mathbb{R} : x < \frac{2}{3} \right\}$
ঘ) $\left\{ x \in \mathbb{R} : x \leq \frac{2}{3} \right\}$
- ৭। একটি সমবাহু ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য 1 সে. মি. হলে, এর মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি কত?
ক) $\frac{3}{2}$ বর্গ সে.মি. খ) $\frac{3}{2}$ সে.মি.
গ) $\frac{9}{4}$ বর্গ সে.মি. ঘ) $\frac{9}{4}$ সে.মি.
- ৮। কোনো ত্রিভুজের উচ্চতা কয়টি হতে পারে?
ক) 1 খ) 2
গ) 3 ঘ) নির্দিষ্ট নয়
- ৯। একটি ত্রিভুজের তিনটি বাহু 4, 7 ও x একক হলে, x এর মান কোনটি হতে পারে?
ক) 3 খ) 4
গ) 11 ঘ) 12
- ১০। এক চলকবিশিষ্ট দ্বিঘাত সমীকরণের নিশ্চায়ক $b^2 - 4ac > 0$ হলে,
(i) মূলদ্বয় বাস্তব হতে পারে
(ii) মূলদ্বয় অবাস্তব হতে পারে
(iii) মূলদ্বয় অসমান হতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii
- ১১। $2x + y = 3$ সমীকরণটি $x -$ অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে?
ক) (3, 2) খ) (3, 0)
গ) (2, 0) ঘ) $\left(\frac{3}{2}, 0\right)$
- ১২। 4টার সময় ঘড়ির ঘণ্টা ও মিনিটের কাঁটার অন্তর্ভুক্ত কোণ কত ডিগ্রি হবে?
ক) 90° খ) 105°
গ) 120° ঘ) 135°
- ১৩। $A = 45^\circ$ এবং $B = 90^\circ$ হলে $\sin(A + B)$ এর মান কত?
ক) $-\frac{1}{\sqrt{2}}$ খ) $\frac{1}{\sqrt{2}}$
গ) $-\frac{1}{2}$ ঘ) $\frac{1}{2}$
- ১৪। $-3\sqrt{3}$ এর ঘনমূল কত?
ক) $-\sqrt{3}$ খ) $\sqrt{3}$
গ) $\sqrt[3]{3}$ ঘ) $-\sqrt[3]{3}$
- ১৫। কোনটি সঠিক নয়?
ক) $\binom{n}{0} = 1$ খ) $\binom{n}{n} = 1$
গ) $\binom{6}{4} = 15$ ঘ) $\binom{2}{0} = 2$
- ১৬। $(1 - x)^2$ এর বিস্তৃতিতে x এর সহগ a হলে, a এর মান কত?
ক) -1 খ) -2
গ) 2 ঘ) 0
- ১৭। $P(x, y)$ বিন্দু থেকে $y -$ অক্ষের দূরত্ব কত?
ক) x একক খ) y একক
গ) $\sqrt{x^2 + y^2}$ একক ঘ) $(x - y)$ একক
- ১৮। $3x + 2y = 6$ সমীকরণের ঢাল কত?
ক) 2 খ) $-\frac{3}{2}$
গ) $\frac{3}{2}$ ঘ) -3
- ১৯। A ও B বিন্দু দুটির অবস্থান ভেক্টর যথাক্রমে \vec{a} ও \vec{b} হলে, $\vec{AB} =$ কত?
ক) $\vec{a} - \vec{b}$ খ) $\vec{b} - \vec{a}$
গ) $\vec{a} + \vec{b}$ ঘ) $-(\vec{a} + \vec{b})$
- ২০। যেকোনো ভেক্টর \vec{AB} এর জন্য কোনটি সঠিক?
ক) $\vec{AB} = \vec{BA}$ খ) $\vec{AB} = -\vec{BA}$
গ) $|\vec{AB}| = |\vec{AB}|$ ঘ) $|\vec{AB}| = -|\vec{AB}|$
- ২১। কোনো গোলকের ব্যাস 2 একক হলে, অর্ধগোলকের ক্ষেত্রফল কত?
ক) 2π খ) 4π
গ) 8π ঘ) 16π
- ২২। কয়টি ঘনবস্তুর সমন্বয়ে ক্যাপসুল গঠিত হয়?
ক) 1 খ) 2
গ) 3 ঘ) 4
- ২৩। একটি ছক্কা নিক্ষেপে মৌলিক সংখ্যা আসার সম্ভাবনা কত?
ক) $\frac{1}{2}$ খ) $\frac{1}{3}$
গ) $\frac{1}{4}$ ঘ) $\frac{2}{3}$
- ২৪। সম্ভাবনার সীমা হলো-
ক) $0 < P < 1$ খ) $0 \leq P < 1$
গ) $0 < P \leq 1$ ঘ) $0 \leq P \leq 1$
- ২৫। $f(x) = \sqrt{ax + b}$ ফাংশনের রেঞ্জ নির্ণয়ের শর্ত কোনটি?
ক) $[0, a)$ খ) $(0, a]$
গ) $[0, a]$ ঘ) $(0, a)$

উচ্চতর গণিত (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[বিশেষ দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ : বীজগণিত

- ১। $P(x) = 18x^3 - 15x^2 - x + 2$
- (ক) দেখাও যে, $2x - 1$, $P(x)$ এর একটি উৎপাদক। ২
- (খ) $P(x)$ কে $(x - m)$ এবং $(x - n)$ দ্বারা ভাগ করলে যদি একই ভাগশেষ থাকে, যেখানে $m \neq n$, তাহলে প্রমাণ কর যে, $18(m^2 + mn + n^2) - 15(m + n) - 1 = 0$ ৪
- (গ) $\frac{3x+1}{p(x)}$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। ৪
- ২। $A = \frac{1}{y^q + y^{-r} + 1} + \frac{1}{y^r + y^{-p} + 1} + \frac{1}{y^p + y^{-q} + 1}$ এবং $B = \log(3 + x) - 2\log x$
- (ক) লগারিদমের সংজ্ঞা দাও। ২
- (খ) $p + q + r = 0$ হলে, দেখাও যে, $A = 1$ ৪
- (গ) $B = 0$ হলে দেখাও যে, $x = \frac{1}{2}(1 + \sqrt{13})$ ৪

- ৩। $P = (1 - 2x + x^2)^2$, $Q = \left(2x^2 - \frac{1}{2x}\right)^8$ এবং $R = \left(x + \frac{m}{x}\right)^5$
- (ক) প্যাসকেলের ত্রিভুজ ব্যবহার করে P এর বিস্তৃতি নির্ণয় কর। ২
- (খ) Q এর বিস্তৃতির মধ্যপদটি নির্ণয় কর। ৪
- (গ) R এর বিস্তৃতিতে m^4 এর সহগ 135 হলে দেখাও যে, $3x - 1 = 0$ ৪

খ-বিভাগ : জ্যামিতি ও ভেক্টর


- ৪। S ও M যথাক্রমে ΔPQR -এর পরিকেন্দ্র ও লম্ববিন্দু 4 এবং PD একটি মধ্যমা। SM রেখা PD কে G বিন্দুতে ছেদ করে।
- (ক) ত্রিভুজের পরিকেন্দ্র সংজ্ঞায়িত কর। ২
- (খ) প্রমাণ কর যে, S , G ও M সমরেখ ৪
- (গ) উদ্দীপকে বর্ণিত ত্রিভুজের অপর মধ্যমা QE এবং RF হলে, প্রমাণ কর যে, $3(PQ^2 + QR^2 + PR^2) = 4(PD^2 + QE^2 + RF^2)$ ৪
- ৫। ΔDEF এর EF , FD ও DE বাহুর মধ্যবিন্দু যথাক্রমে A , B , ও C ।
- (ক) চিত্র অঙ্কন করে দুটি সদৃশ ভেক্টর দেখাও। ২
- (খ) দেখাও যে, $\vec{AD} + \vec{BE} + \vec{CF} = \vec{0}$ ৪
- (গ) ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $CB \parallel EF$ ৪

- ৬। $5x + 4y - 20 = 0$ এবং $4x - 5y + 20 = 0$ দুটি সরলরেখার সমীকরণ।

- (ক) $(K, 0)$ বিন্দুগামী ও K ঢালবিশিষ্ট একটি সরলরেখার সমীকরণ K এর মাধ্যমে নির্ণয় কর। ২
- (খ) প্রদত্ত সরলরেখা দুটির ঢাল নির্ণয় করে দেখাও যে, এরা পরস্পরের উপর লম্ব। ৪
- (গ) দেখাও যে, উদ্দীপকের প্রথম সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল 10 বর্গএকক। ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও সম্ভাবনা

৭।



- চিত্রে, O কেন্দ্রিক বৃত্তের ব্যাসার্ধ 10 সে.মি. এবং $\angle AOB = 60^\circ$
- (ক) $\angle OBC$ কে রেডিয়ানে প্রকাশ কর। ২
- (খ) একটি পিঁপড়া A বিন্দু হতে 10 সেকেন্ড সময় নিয়ে B বিন্দুতে যায় এবং 2 সেকেন্ড বিশ্রাম নেওয়ার পর আবার 10 সেকেন্ড A বিন্দুতে ফিরে আসে। বিশ্রামের সময় বিবেচনা না করলে পিঁপড়াটির গতিবেগ কত? ৪

- (গ) $\angle AOB = \theta^\circ$ এবং $0^\circ < \theta < 180^\circ$ হলে, $2\left(\frac{OC}{OB}\right)^2 - 1 = 2\left(\frac{BC}{OB}\right)^2$ সমীকরণ হতে θ এর মান নির্ণয় কর। ৪

৮। কোন পরীক্ষার 100 জন পরীক্ষার্থীর প্রাপ্ত GPA নিম্নরূপ :

GPA	0	1	2	3	4	5
পরীক্ষার্থীর সংখ্যা	5	10	15	20	20	30

- (ক) অনুকূল ফলাফল বলতে কী বুঝ? উদাহরণ দাও। ২
- (খ) একজন পরীক্ষার্থীর জিপিএ 1 থেকে 3 পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৪
- (গ) একজন পরীক্ষার্থীর জিপিএ (i) বড়জোড় 3 এবং (ii) কমপক্ষে 3 পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৪



বগুড়া জিলা স্কুল, বগুড়া
নির্বাচনি পরীক্ষা-২০২৪; উচ্চতর গণিত (বহুনির্বাচনি)

সময় : ২৫ মিনিট


পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

- ১। $A = \{x : x \in \mathbb{N}, x < 6\}$ সেটটির শক্তিসেটের সদস্য সংখ্যা কত?
ক) 4 খ) 5
গ) 16 ঘ) 32
- ২। যদি $a < b$ হয়, তবে c এর ঋণাত্মক মানের জন্য কোনটি সঠিক?
ক) $ac < bc$ খ) $ac > bc$
গ) $\frac{a}{c} < \frac{b}{c}$ ঘ) $ac \leq bc$
- ৩। সমতল জ্যামিতিতে কত সরলকোণ পর্যন্ত জ্যামিতিক ও ত্রিকোণমিতিক কোণের মধ্যে কোনো পার্থক্য নাই?
ক) 1 খ) 2
গ) 3 ঘ) 4
- ৪। সমবাহু ত্রিভুজের যে-কোনো বাহুকে বর্ধিত করলে উৎপন্ন কোণের মান কত ডিগ্রি?
ক) 180 খ) 160
গ) 120 ঘ) 100
- ৫। কোনো দ্বিঘাত সমীকরণের একটি মূল $-2 + \sqrt{7}$ হলে, অপর মূলটি কত?
ক) $-2 - \sqrt{7}$ খ) $2 - \sqrt{7}$
গ) $-7 + \sqrt{2}$ ঘ) $7 - \sqrt{2}$
- ৬। $x < \frac{x}{3} + 4$ অসমতার—
(i) উভয়পক্ষে $-\frac{x}{3}$ যোগ করলে $x - \frac{x}{3} < 4$ হয়
(ii) সমাধান $x < 12$ হয়
(iii) সমাধান সেট, $S = \{x \in \mathbb{R} : x < 6\}$ নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৭। $\frac{1}{2}, \frac{1}{6}, \frac{1}{12}$ ----- অনুক্রমটির 20 তম পদ কত?
ক) $\frac{1}{400}$ খ) $\frac{1}{401}$
গ) $\frac{1}{410}$ ঘ) $\frac{1}{420}$
- ৮। -665° কোণটি কোন চতুর্ভাগে অবস্থান করে?
ক) ১ম খ) ২য়
গ) ৩য় ঘ) ৪র্থ
- ৯। $\sqrt{3}y = 3x + 1$ সরলরেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে কত ডিগ্রী কোণ উৎপন্ন করে?
ক) 30° খ) 45°
গ) 60° ঘ) 90°

- ১০। $\log_3 \log_2 \log_3 \sqrt{3} 81$ এর মান কত?
ক) $\log_3 2$ খ) $\log_3 3$
গ) $\log_3 4$ ঘ) $\log_3 \sqrt{3}^3$
- নিচের তথ্যের আলোকে ১১ – ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
 $(1 + 4x + 4x^2)^n$ এর বিস্তৃতিতে পদসংখ্যা 7।
- ১১। n এর মান কত?
ক) 2 খ) 3
গ) 4 ঘ) 5
- ১২। প্রদত্ত বিস্তৃতির ৪র্থ পদ কোনটি?
ক) $60x^3$ খ) $160x^2$
গ) $160x^3$ ঘ) $60x^2$
- ১৩। প্রদত্ত বিস্তৃতির ২য় পদ 48 হলে $x =$ কত?
ক) 3 খ) 4
গ) 5 ঘ) 6
- ১৪। পিরামিডের বর্গাকার ভূমির দৈর্ঘ্য 4 একক এবং উচ্চতা 5 একক হলে পিরামিডের আয়তন কত ঘন একক?
ক) 16.67 খ) 57.56
গ) 27.67 ঘ) 32.67
- ১৫। $P(-5, 2)$ $Q(9, 0)$ এবং $R(-3, 0)$ বিন্দুত্রয় দ্বারা গঠিত ΔPQR এর ক্ষেত্রফল কত?
ক) 5 বর্গ একক খ) 8 বর্গ একক
গ) 12 বর্গ একক ঘ) 16 বর্গ একক
- ১৬। A এবং B এর অবস্থান ভেক্টর \vec{a} এবং \vec{b} হলে $\vec{AB} =$ কত?
ক) $\vec{a} + \vec{b}$ খ) $\frac{\vec{a} + \vec{b}}{2}$
গ) $\frac{\vec{a} - \vec{b}}{2}$ ঘ) $\vec{b} - \vec{a}$
- ১৭। $2\vec{a} - 5\vec{b}$ ভেক্টরটি কোনটির সমান্তরাল?
ক) $6\vec{a} - 5\vec{b}$ খ) $4\vec{a} - 8\vec{b}$
গ) $4\vec{a} - 10\vec{b}$ ঘ) $8\vec{a} - 24\vec{b}$
- ১৮। দুইটি নিরপেক্ষ মুদ্রা নিক্ষেপ করার সমগ্র ফলাফল HH, HT, TH, TT –
(i) ১ম নিক্ষেপে H পড়ার সম্ভাবনা $\frac{1}{2}$
(ii) উভয় মুদ্রার একই পিঠ পড়ার সম্ভাবনা $\frac{1}{2}$
(iii) উভয় মুদ্রার T পড়ার সম্ভাবনা $\frac{1}{2}$
- নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

- ১৯। 2000 সালে ফেব্রুয়ারি মাসে 5 দিন বৃষ্টি হয়েছিল। 12 ফেব্রুয়ারি বৃষ্টি হবার সম্ভাবনা কত ছিল?
ক) $\frac{5}{29}$ খ) $\frac{5}{28}$
গ) $\frac{1}{28}$ ঘ) $\frac{1}{29}$
- ২০। $F(x) = \sqrt{x-1}$ ফাংশনের ডোমেন নিচের কোনটি?
ক) $\{x \in \mathbb{R} : x \leq 1\}$
খ) $\{x \in \mathbb{R} : x \geq -1\}$
গ) $\{x \in \mathbb{R} : x \leq -1\}$
ঘ) $\{x \in \mathbb{R} : x \geq 1\}$
- ২১। $x^3 - 6x^2 + 11x - 6 = k(x-1)(x-2)(x-3)$ হলে $k =$ কত?
ক) 1 খ) 2
গ) 3 ঘ) 4
- ২২। বৃত্তের অন্তর্লিখিত ত্রিভুজের তিনটি বহিঃস্থ কোণের সমষ্টি কত?
ক) 180° খ) 270°
গ) 360° ঘ) 540°
- ২৩। কোনো ত্রিভুজের পরিবৃত্তের ক্ষেত্রফল 25π বর্গ সেন্টিমিটার হলে নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ কত?
ক) 5 সেন্টিমিটার খ) 10 সেন্টিমিটার
গ) 5π সেন্টিমিটার ঘ) 2.5 সেন্টিমিটার
- নিচের চিত্রের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

এখানে $OB = 5$ সেন্টিমিটার।

- ২৪। 250° কোণের অবস্থান কোন চতুর্ভাগে?
ক) ১ম খ) ২য়
গ) ৩য় ঘ) ৪র্থ
- ২৫। প্রদত্ত চিত্রে $\theta =$ কত রেডিয়ান?
ক) 1.91 খ) 2.92
গ) 3.91 ঘ) 3.92

উচ্চতর গণিত (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[বিশেষ দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ : বীজগণিত

১। $S = \{(x, y) : x^2 + y^2 - 25 = 0 \text{ এবং } x \geq 0\}$ এবং

$$Q(x) = \frac{2x^4}{x^4 - 16}$$

(ক) দেখাও যে, $\frac{a}{b} + \frac{b}{c} + \frac{c}{a}$ রাশিটি প্রতিসম নয় কিন্তু চক্রক্রমিক। ২

(খ) S অক্ষয়টির লেখচিত্র অঙ্কন কর এবং অক্ষয়টি ফাংশন কি না তা লেখচিত্র হতে নির্ধারণ কর। ৪

(গ) Q(x) কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। ৪

২। $\frac{1}{p} = \frac{x-1}{2x}$ এবং $f(x) = \ln \frac{5+x}{5-x}$ (ক) $y^x \sqrt{y} = (y\sqrt{y})^y$ হলে, y এর মান নির্ণয় কর। ২(খ) $6\sqrt{p} + 5\sqrt{\frac{1}{p}} = 13$ হলে, x এর মান নির্ণয় কর। ৪

(গ) f(x) ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪


৩। $A = \left(\frac{x}{2} - \frac{1}{x^2}\right)^6$ এবং একটিগুণোত্তর ধারার n-তম পদ $U_n = (y-1)^{4-2n}$; যেখানে $n \in \mathbb{N}$ (ক) প্যাসকেলের ত্রিভুজের সাহায্যে $(1-2a)^5$ এর বিস্তৃতি নির্ণয় কর। ২

(খ) y এর ওপর কী শর্ত আরোপ করলে ধারাটির অসীমতক সমষ্টি থাকবে এবং সেই সমষ্টি নির্ণয় কর। ৪

(গ) A এর বিস্তৃতিতে x মুক্ত পদ ও মধ্যপদ সমান হলে প্রমাণ কর যে, $3x^3 + 8 = 0$ । ৪

খ-বিভাগ : জ্যামিতি ও ভেক্টর

৪। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্রে ABCD বৃত্তে অন্তর্লিখিত একটি চতুর্ভুজ।

(ক) রেখাংশের লম্ব অভিক্ষেপ বলতে কী বুঝ? ২

(খ) প্রমাণ কর যে, $AC \cdot BD = AB \cdot CD + BC \cdot AD$ ৪(গ) $\triangle ABD$ এর AE একটি মধ্যমা হলে প্রমাণ কর যে, $AB^2 + AD^2 = 2(AE^2 + BE^2)$ । ৪

৫। P(4, 4), Q(5, -3), R(-4, -6) এবং S(-5, 3) বিন্দুগুলো একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

(ক) S বিন্দুগামী এবং 5 ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২

(খ) PR এবং QS কর্ণদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। ৪

(গ) PQRS চতুর্ভুজের যে অংশ প্রথম চতুর্ভাগে অবস্থান করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৬। $\triangle PQR$ এর PQ ও PR এর মধ্যবিন্দু যথাক্রমে S ও T। আবার QR, RT, TS ও SQ এর মধ্যবিন্দু যথাক্রমে A, B, C ও D।

(ক) 12 সেন্টিমিটার ব্যাসবিশিষ্ট একটি গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

(খ) ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, $ST \parallel QR$ এবং $ST = \frac{1}{2} QR$ । ৪

(গ) ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, ABCD একটি সামান্তরিক। ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও সম্ভাবনা

৭। একটি মুদ্রা তিনবার নিক্ষেপ করা হলো।

(ক) দেখাও যে, কোনো ঘটনার সম্ভাবনার মান 0 হতে 1 এর মধ্যে থাকে। ২

(খ) সম্ভাব্য ঘটনার Probability tree অঙ্কন করে কমপক্ষে 2T এবং বড়জোড় 2H আসার সম্ভাবনা নির্ণয় কর। ৪

(গ) দেখাও যে, মুদ্রাটি n সংখ্যকবার নিক্ষেপ করলে সংঘটিত ঘটনা 2^n কে সমর্থন করে। ৪৮। $P = \frac{\sin\theta - \cos\theta + 1}{\sin\theta + \cos\theta - 1}$ এবং $Q = \frac{1 + \sin\theta}{\cos\theta}$

(ক) প্রমাণ কর যে, রেডিয়ান কোণ একটি ধ্রুবকোণ। ২

(খ) প্রমাণ কর যে, $p^2 - Q^2 = 0$ । ৪(গ) $Q = \frac{1}{\sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর। যেখানে $0 < \theta < 2\pi$ । ৪



নওগাঁ জিলা স্কুল, নওগাঁ
নির্বাচনি পরীক্ষা-২০২৪; উচ্চতর গণিত (বহুনির্বাচনি)

সময় : ২৫ মিনিট

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অধীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

- নিচের তথ্যের আলোকে (১ ও ২) নং প্রশ্নের উত্তর দাও।

60 টি টিকেট 1 থেকে 60 পর্যন্ত ক্রমিক নম্বর দেওয়া আছে।

- ১। টিকেটগুলো ভালোভাবে মিশিয়ে দৈবভাবে একটি টিকেট নেওয়া হলে, ক্রমিক নম্বরটি 60 এর গুণনীয়ক হবার সম্ভাবনা কত?

ক) $\frac{1}{5}$ খ) $\frac{11}{60}$ গ) $\frac{10}{60}$ ঘ) $\frac{3}{20}$

- ২। টিকেটগুলো ভালোভাবে মিশিয়ে দৈবভাবে একটি টিকেট নেওয়া হলে, ক্রমিক নম্বরটি মৌলিক হবার সম্ভাবনা কত?

ক) $\frac{15}{60}$ খ) $\frac{4}{15}$ গ) $\frac{7}{30}$ ঘ) $\frac{17}{60}$

- ৩। $A \cap B = 2$, $n(A) = 4$ এবং $n(A \cup B) = 12$ হলে, $n(B) = ?$

ক) 14 খ) 10
গ) 12 ঘ) 8

- ৪। $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$, $f(x) = \frac{2x-5}{2x+3}$

(i) $f(4) \in \mathbb{R}$
(ii) f ফাংশনটি এক-এক ফাংশন
(iii) f ফাংশনটি অনটু ফাংশন
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


- ৫। $\frac{4x-9}{(x-1)(x-2)} = \frac{B}{x-1} + \frac{-1}{x-2}$ হলে B এর মান কত হবে?

ক) 4 খ) 3 গ) 5 ঘ) 6

- ৬। $4x^2 - 8x + 8$ কে $2x + 1$ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?

ক) 10 খ) 13 গ) 15 ঘ) 5

৭।




O বিন্দু ABC ত্রিভুজের অন্তঃকেন্দ্র এবং $\angle BOC = 100^\circ$ হলে, $\angle BAC$ এর মান কত?

ক) 10° খ) 50°
গ) 100° ঘ) 20°

- ৮। ΔABC এ, $AC^2 > BC^2 + AB^2$ হলে,

(i) $\angle B$ স্থূল কোণ
(ii) $\angle A$ সমকোণ
(iii) $\angle C$ সূক্ষ্মকোণ
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii



চিত্রে $CD = 26$ cm এবং $OE = 10$ cm হলে, $AB =$ কত?

ক) 16.61 cm খ) 5 cm
গ) 13 cm ঘ) 8.30 cm

- ১০। $ax^2 - 4ax + 1 = 0$ সমীকরণের মূলগুলোর যোগফল কত?

ক) $\frac{4}{a}$ খ) $\frac{1}{a}$
গ) -4 ঘ) 4

- ১১। $-5x - 3 \geq -18$ অসমতাটির সমাধান নিচের কোনটি?

ক) $x \leq 3$ খ) $x \geq -3$
গ) $x \geq 3$ ঘ) $x \leq -3$

- ১২। $a + ap + ap^2 + \dots$ অসীম গুণোত্তর ধারাটির সমষ্টি থাকলে, p এর জন্য কোনটি সঠিক?

ক) $p = -1$ খ) $|p| > 1$
গ) $p = 1$ ঘ) $|p| < 1$

- ১৩। $1 - \frac{1}{3} + \frac{1}{9} - \frac{1}{27} + \dots$ হলে ধারাটির

(i) ১১ তম পদ $= \frac{1}{3}$
(ii) প্রথম ৪টি পদের সমষ্টি $= \frac{3}{4} \left(1 - \frac{1}{3^4}\right)$
(iii) অসীমতক সমষ্টি $= \frac{3}{4}$


নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

- ১৪। $\tan(1050^\circ)$ এর মান কত?

ক) $-\sqrt{3}$ খ) $\frac{1}{\sqrt{3}}$
গ) $-\frac{1}{\sqrt{3}}$ ঘ) $\sqrt{3}$

- নিচের তথ্যের আলোকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :



- ১৫। $BC = 1$ এবং $AC = \sqrt{2}$ হলে, $\cot(-\theta) + \tan(-\theta)$ এর মান কত?

ক) -2 খ) 2
গ) 0 ঘ) -1

- ১৬। $\frac{AB}{AC} + \frac{BC}{AC} = \sqrt{2}$ হলে, θ এর মান কত?

ক) $\frac{\pi}{2}$ খ) $\frac{\pi}{4}$

গ) $\frac{\pi}{6}$ ঘ) $\frac{\pi}{3}$

- ১৭। $f(x) = 1 - 3^{-x}$ হলে-

(i) $f(x)$ এর ডোমেন $(-\infty, \infty)$

(ii) $f(x)$ এর রেঞ্জ $(0, \infty)$

(iii) $f^{-1}(x) = \frac{\log\left(\frac{1}{1-x}\right)}{\log 3}$

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

- ১৮। $\log_{\sqrt{2}} 8$ এর মান কত?

ক) 3 খ) $8\sqrt{2}$ গ) $4\sqrt{2}$ ঘ) 6

- ১৯। ${}^nC_4 = {}^nC_5$ হলে, n এর মান কত?

ক) 5 খ) 4 গ) 1 ঘ) 9

- ২০। $3x + y = 25$ একটি সরলরেখার সমীকরণ

(i) সরলরেখার ঢাল 3
(ii) x-অক্ষের ধনাত্মক দিকের সাথে সরলরেখাটি স্থূলকোণ উৎপন্ন করে
(iii) সরলরেখাটির y-অক্ষের ছেদাংশ 25 একক।

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

- ২১। $2y = \frac{x}{p} + 3$ এবং $5y - 10x + 8 = 0$ সরলরেখাদ্বয় সমান্তরাল হলে, এর মান কত?

ক) $\frac{1}{4}$ খ) $-\frac{1}{4}$ গ) $\frac{1}{2}$ ঘ) -1

- ২২। A ও B বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে

$3\vec{x} - 2\vec{y}$ এবং $2\vec{x} - 5\vec{y}$ হলে, $\vec{AB} =$ কত?

ক) $\vec{x} + 3\vec{y}$ খ) $\vec{x} - 3\vec{y}$
গ) $-\vec{x} - 3\vec{y}$ ঘ) $-\vec{x} + 3\vec{y}$

- ২৩। 4 সে.মি. বাহুবিশিষ্ট সুসম ষড়ভুজাকার প্রিজমের উচ্চতা $2\sqrt{3}$ হলে, আয়তন কত ঘন সে.মি.?

ক) $24\sqrt{3}$ খ) 144
গ) $48\sqrt{3}$ ঘ) 48

- ২৪। সমান উচ্চতাবিশিষ্ট একটি সিলিন্ডার ও একটি সমবৃত্তীয়কোণ কোণকের ভূমি সমান হলে, তাদের আয়তনের অনুপাত কোনটি?

ক) 3 : 1 খ) 2 : 1
গ) 1 : 2 ঘ) 1 : 3

- ২৫। (0, 5) এবং (p, 3) বিন্দুগামী সরলরেখার ঢাল $\frac{1}{4}$ হলে, p এর মান কত?

ক) -4 খ) 8 গ) 4 ঘ) -8

উচ্চতর গণিত (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[বিশেষ দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ : বীজগণিত

- ১। $P(x, y, z) = \frac{1}{27x^3} + \frac{1}{64y^3} + \frac{1}{125z^3}$
 $Q(x) = 1 - 8x^3$
 (ক) $3 - 4x - x^2 = 0$ সমীকরণের নিশ্চায়ক কত? ২
 (খ) $p(x, y, z) = \frac{3}{60xyz}$ যদি হয়, তবে প্রমাণ কর যে, $20yz + 15xy = 0$ ৪
 অথবা, $3x = 4y = 5z$
 (গ) $\frac{7x^2 - 2}{Q(x)}$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। ৪
- ২। $2^y + 8^y = 68$ এবং $\frac{\log(1+2z)}{\log z + \log 2} = 2$
 (ক) $f(x) = \log_{10} x$ ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ২
 (খ) প্রমাণ কর যে, $4z - 1 = \sqrt{5}$ ৪
 (গ) y এর মান নির্ণয় কর। ৪
- ৩। $p = (1 + 2x)^7$, $Q = (1 - 2x)^6$ এবং $(3x + 1)^{-1} + (3x + 1)^{-2} + (3x + 1)^{-3} + \dots$ অসীম ধারা।
 (ক) প্যাসকেলের ত্রিভুজ সূত্রের সাহায্যে $(1 + 4x)^6$ এর বিস্তৃতি নির্ণয় কর। ২
 (খ) PQ এর বিস্তৃতিতে x^5 এর সহগ কত? ৪
 (গ) $x = \frac{1}{3}$ হলে, ধারাটির সপ্তম পদ ও প্রথম দশটি পদের সমষ্টি কত? ৪

খ-বিভাগ : জ্যামিতি ও ভেক্টর

- ৪। $\triangle ABC$ এর BC , AC এবং AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D , E এবং F
 (ক) $A(t, 1)$, $B(2, 4)$ এবং $C(1, t)$ তিনটি ভিন্ন বিন্দু সমরেখ হলে, t এর মান নির্ণয় করো। ২
 (খ) ত্রিভুজটির ভরকেন্দ্র O হলে, প্রমাণ কর যে, $OA^2 + OB^2 + OC^2 = \frac{1}{3}(AB^2 + BC^2 + AC^2)$ ৪
 (গ) যদি BC বাহুটি M এবং N বিন্দুতে তিনটি সমান অংশে বিভক্ত হয়, তাহলে প্রমাণ কর যে, $AB^2 + AC^2 = AM^2 + AN^2 + 4MN^2$ ৪

- ৫। ABC ত্রিভুজের BC , CA এবং AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D , E ও F হলে,
 (ক) \vec{AB} কে \vec{BE} ও \vec{CF} এর মাধ্যমে প্রকাশ কর। ২
 (খ) প্রমাণ কর যে, $\vec{AD} + \vec{BE} + \vec{CF} = \vec{0}$ ৪
 (গ) প্রমাণ কর যে, $DE \parallel BC$ ও $BC = 2DE$ ৪
- ৬। একটি পঞ্চভুজের শীর্ষবিন্দু হলো $P(-1, -1)$, $M(x, y)$, $Q(1, 1)$, $R(2, 7)$ এবং $S(-3, 2)$ ।
 (ক) RS সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২
 (খ) $PM = 2QM$ হলে, দেখাও যে,
 $3x^2 + 3y^2 - 10x - 10y + 6 = 0$ ৪
 (গ) $PQRS$ চতুর্ভুজের যে অংশ $2y$ চতুর্ভুজে অবস্থান করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও সম্ভাবনা

- ৭। $x = \sin \theta$ এবং $y = \cos \theta$
 (ক) ৭০০ কি.মি. দূরে একটি বিন্দুতে কোনো পাহাড় $7'$ কোণ উৎপন্ন করে। পাহাড়টির উচ্চতা নির্ণয় কর। ২
 (খ) $\frac{1}{y} + \frac{x}{y} = \frac{1}{a}$ হলে, প্রমাণ কর যে, $\operatorname{cosec} \theta - \cot \theta = \frac{1-a}{1+a}$ ৪
 (গ) $2xy + 1 = 2y + x$ হলে, θ এর সম্ভাব্য মান নির্ণয় কর। যেখানে $(0 \leq \theta \leq 2\pi)$ ৪
- ৮। (i) একটি বুড়িতে ১০ টি লাল, ১৫ টি নীল এবং ১২ টি সবুজ মার্বেল রয়েছে।
 (ii) একটি ছক্কা দুইবার নিক্ষেপ করা হলো।
 (ক) ছক্কাটি একবার নিক্ষেপ করা হলে, জোড় সংখ্যা অথবা ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা আসার সম্ভাবনা নির্ণয় কর। ২
 (খ) দুইটি ছক্কা প্রাপ্ত সংখ্যাদ্বয়ের সমষ্টি ৭ অপেক্ষা বড় হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৪
 (গ) যদি প্রতিস্থাপন না করে একটি করে পরপর পাঁচটি মার্বেল তুলে নেওয়া হয়, তবে সবগুলো মার্বেল সবুজ হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৪

উচ্চতর গণিত (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[বিশেষ দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ : বীজগণিত

১। $F(x) = \frac{2x-1}{x-3}$ এবং $g(x) = \frac{x^3}{x^2-25}$ দুটি ফাংশন।

(ক) $P(x) = \frac{1}{\sqrt{1-3x}}$ এর ডোমেন নির্ণয় কর।

(খ) $F^{-1}(3)$ নির্ণয় কর।

(গ) $g(x)$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর।

২। $P = 1 + 3\frac{1}{3} + 3\frac{2}{3}$ এবং $\left(k - \frac{y}{3}\right)^7$ একটি দ্বিপদী রাশি।

(ক) সমাধান কর : $a(x+b) < c, a \neq 0$

(খ) প্রমাণ কর যে, $p^3 - 3p^2 - 6p - 4 = 0$

(গ) যদি k^3 এর সহগ 560 হয়, তবে y এর মান নির্ণয় কর।

৩। (i) $x^2 - 5x + 4 = 0$

(ii) $8 + 88 + 888 + \dots$


(ক) $p = \{x \in \mathbb{R} : x^2 + 7x + 12 = 0\}$ হলে, p কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।

(খ) লেখচিত্রের সাহায্যে (i) নং সমীকরণটি সমাধান কর।

(গ) (ii) নং ধারাটির 1 ম n সংখ্যক পদের সমষ্টি নির্ণয় কর।

খ-বিভাগ : জ্যামিতি ও ভেক্টর

৪।



ΔPQR এর ভরকেন্দ্র O ।

(ক) নববিন্দু বৃত্ত কাকে বলে?

(খ) প্রমাণ কর যে, $PO : OA = 2 : 1$

(গ) প্রমাণ কর যে, $PQ^2 + QR^2 + PR^2 = 3(OP^2 + OQ^2 + OR^2)$

৫। একটি চতুর্ভুজের শীর্ষবিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $A(-2, -1)$, $B(1, 0)$, $C(4, 3)$, $D(1, 2)$

(ক) B বিন্দুগামী এবং 2 ঢাল বিশিষ্ট রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) চতুর্ভুজটি কোন ধরনের তা যাচাই কর।

(গ) ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, উক্ত চতুর্ভুজের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।

৬। একটি ত্রিভুজের ভূমি $a = 5$ সেমি, শিরঃকোণ $\angle x = 45^\circ$ এবং অপর দুই বাহুর সমষ্টি 7 সেমি।


(ক) টলেমির উপপাদ্যটি বিবৃত কর।

(খ) ত্রিভুজটি অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক]

(গ) 4 সেমি ব্যাসার্ধের একটি নিরেট গোলককে গলিয়ে a এর সমান বহিব্যাসার্ধ বিশিষ্ট 3 সমভাবে পুরু একটি ফাঁপা গোলক প্রস্তুত করা হলো। দ্বিতীয় গোলকটির পুরুত্ব নির্ণয় কর।

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও সম্ভাবনা

৭।



(ক) $32^\circ 15' 18''$ কে রেডিয়ানে প্রকাশ কর।

(খ) $\sqrt{x^2 + y^2} + x = \sqrt{3}y$ হলে θ এর মান নির্ণয় কর, যখন $0 < \theta < 2\pi$

(গ) $x = -15y = -8$ হলে $\frac{\sin\theta + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan\theta}$ এর মান নির্ণয় কর।

৮। (i) একটি মুদ্রা চারবার নিক্ষেপ করা হলো।

(ii) 20 থেকে 40 পর্যন্ত স্বাভাবিক সংখ্যাগুলোর মধ্যে একটি সংখ্যা দৈবভাবে চয়ন করা হলো।

(ক) পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিমি। পৃথিবীর উপরের যে দুইটি স্থান কেন্দ্রে 70° কোণ উৎপন্ন করে তাদের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

(খ) (i) নং উদ্দীপকের probability tree তৈরি কর এবং তা হতে প্রমাণ কর যে, মুদ্রাটি n সংখ্যক বার নিক্ষেপ করলে সংঘটিত ঘটনা সংখ্যা হবে 2^n ।

(গ) (ii) নং এর সংখ্যাটি বিজোড় অথবা 3 এর গুণিতক হওয়ার সম্ভাবনা নির্ণয় কর।




নওয়াব ফয়জুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা
নির্বাচনি পরীক্ষা-২০২৪; উচ্চতর গণিত (বহুনির্বাচনি)

সময় : ২৫ মিনিট

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ত্রুটিক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]




উপরের চিত্রে প্রদর্শিত সেট নিচের কোনটিকে প্রকাশ করে?

- ক) $[-2, 3)$ খ) $(-2, 3)$
গ) $[-2, 3]$ ঘ) $(-2, 3]$

২। $f(x) = x^2 - 7$ ফাংশনের রেঞ্জ নিচের কোনটি?

- ক) $(-\infty, -7]$ খ) $(-\infty, -7)$
গ) $[-7, \infty)$ ঘ) $(-7, \infty)$

৩। নিচের কোন লেখটি ফাংশন প্রকাশ করে?



৪। $f(y) = x^2 + 2x - 7 + y$ বহুপদীটির প্রবপদ কত?

- ক) -7 খ) y
গ) $y - 7$ ঘ) $x^2 + 2x - 7$

৫। চক্রাক্রমিক রাশির জন্য সর্বনিম্ন কয়টি চলকের প্রয়োজন?

- ক) একটি খ) দুইটি
গ) তিনটি ঘ) চারটি

■ $ax^2 + bx + c = 0$ একটি দ্বিঘাত সমীকরণ।

উপরের তথ্যের আলোকে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:

৬। সমীকরণের মূল দুইটির যোগফল কত?

- ক) $\frac{c}{a}$ খ) $-\frac{b}{a}$ গ) $-\frac{c}{a}$ ঘ) $\frac{b}{a}$


৭। সমীকরণটির নিশ্চায়ক—

- i) শূন্য হলে সমীকরণটি পূর্ণবর্গ হয়
ii) ঋণাত্মক হলে এর লেখ x -অক্ষকে স্পর্শ বা ছেদ করে না
iii) সমীকরণটির একটি মূল $\sqrt{e} + d$ হলে অপর মূল $\sqrt{e} - d$ যেখানে $e, d \in \mathbb{R}$ এবং $e > 0$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮। $x + y > 0$ অসমতার সমাধান সেট নিচের কোনটি?



৯। $\frac{0!}{1} =$ কত?

- ক) 0 খ) 1
গ) অসংজ্ঞায়িত ঘ) অসীম

১০। $\frac{1}{3 \times 5} + \frac{1}{5 \times 7} + \frac{1}{7 \times 9} + \dots$ ধারাটির

- i) n তম পদ = $\frac{1}{(2n+1)(2n+3)}$
ii) ধারাটির ১ম ১০ পদের সমষ্টি = $\frac{10}{69}$
iii) ধারাটির অসীমতক সমষ্টি = $\frac{1}{6}$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


১১। ABCD ট্রাপিজিয়ামের $BC \parallel AD$ এবং $BC = 10\text{cm}$, $AD = 7\text{cm}$ হলে, BC এর ওপর AD এর লম্ব অভিক্ষেপ কত?

- ক) 0cm খ) 7cm
গ) 10cm ঘ) 17cm

১২। একটি নববিন্দু বৃত্তের ব্যাস 10cm হলে, ত্রিভুজটির পরিবৃত্তের পরিধি কত?

- ক) $100\pi\text{cm}$ খ) $25\pi\text{cm}$
গ) $20\pi\text{cm}$ ঘ) $10\pi\text{cm}$

১৩।



চিত্রে $\angle QPT = \angle RPT$ হলে—

- i) $\frac{PQ}{SR} = \frac{QT}{ST}$
ii) $\frac{PR}{PT} = \frac{SR}{QT}$
iii) $\frac{PQ}{PR} = \frac{QT}{RT}$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪। একটি সুসম চতুস্তলকের ধার 10cm হলে, এর উচ্চতা কত?

- ক) $\frac{10\sqrt{6}}{3}\text{cm}$ খ) $\frac{5\sqrt{3}}{2}\text{cm}$
গ) $5\sqrt{3}\text{cm}$ ঘ) $10\sqrt{6}\text{cm}$

১৫। u, v ও w তিনটি ভেক্টরের জন্য নিচের কোনটি ভেক্টর যোগের বন্টন বিধি?

- ক) $u + v + w = v + u + w$
খ) $(u + v) + w = u + (v + w)$
গ) $u + w = v + w$
ঘ) $\frac{u+v}{w} = \frac{v+w}{u}$

১৬। একটি গোলকের ব্যাসার্ধ 5cm হলে, এর আয়তন কত?

- ক) 1570.8cm^3 খ) 523.6cm^3
গ) 316.16cm^3 ঘ) 104.72cm^3

১৭। একটি পিরামিডের ভূমি সুসম অষ্টভুজ যার বাহুর দৈর্ঘ্য 8cm এবং উচ্চতা 10cm. পিরামিডের হেলানো উচ্চতা কত?

- ক) 16.45cm খ) 13.90cm
গ) 10.350cm ঘ) 7.17cm

১৮। একটি প্রিজমের ভূমির তিনবাহুর দৈর্ঘ্য যথাক্রমে 5cm, 12cm ও 13cm এবং উচ্চতা 15cm. প্রিজমটির আয়তন কত?

- ক) 150cm^3 খ) 300cm^3
গ) 450cm^3 ঘ) 510cm^3

১৯। কোণ পরিমাপের ভিত্তি কী?

- ক) সমকোণ খ) বৃত্ত
গ) ত্রিভুজ ঘ) সরলকোণ

২০। -1680° কোণের প্রান্তিক রশ্মিটি কোন চতুর্ভাগে অবস্থিত?

- ক) ১ম খ) ২য় গ) ৩য় ঘ) ৪র্থ

২১। θ একটি জ্যামিতিক কোণ হলে θ এর সিমার সেট নিচের কোনটি?

- ক) $[0^\circ, 360^\circ)$ খ) $(0^\circ, 360^\circ]$
গ) $[0^\circ, 360^\circ]$ ঘ) $(0^\circ, 360^\circ)$

২২। বৃত্তের ব্যাসার্ধের সমান চাপ বৃত্তের কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তার পরিমাপ কত?

- ক) $\frac{\pi^\circ}{180}$ খ) π°
গ) $\frac{180^\circ}{\pi}$ ঘ) 180°

২৩। নিচের কোনটির সম্ভাবনা 0.

- ক) একটি মুদ্রা নিক্ষেপে হেড এবং টেল আসার ঘটনা
খ) একটি মুদ্রা নিক্ষেপে হেড অথবা টেল আসার ঘটনা
গ) একটি ছক্কা নিক্ষেপে 1 থেকে 6 যে-কোনো একটি সংখ্যা আসার সম্ভাবনা
ঘ) একটি ছক্কা নিক্ষেপে জোড় অথবা বিজোড় সংখ্যা আসার ঘটনা

২৪। $\tan\theta = -1$ এবং $\frac{\pi}{2} < \theta < \frac{3\pi}{2}$ হলে, θ এর মান কত?

- ক) $\frac{\pi}{4}$ খ) $\frac{3\pi}{4}$
গ) $\frac{5\pi}{4}$ ঘ) $\frac{7\pi}{4}$

২৫। একটি খলেতে 5টি কালো বল, 6টি সাদা বল ও 4টি লাল বল আছে। খলে হতে দৈবভাবে একটি বল নেওয়া হলো। বলটি কালো না হওয়ার সম্ভাবনা কত?

- ক) $\frac{1}{3}$ খ) $\frac{4}{15}$
গ) $\frac{2}{3}$ ঘ) $\frac{2}{5}$

উচ্চতর গণিত (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[বিশেষ দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ : বীজগণিত

১। $f(x) = \ln \frac{7-x}{7+x}$, $g : \mathbb{R} - \{2\} \rightarrow \mathbb{R} - \{1\}$, $g(x) = \frac{x}{x-2}$

(ক) $h(x) = \sqrt{7x+2}$ ফাংশনের ডোমেন নির্ণয় কর। ২

(খ) $f(x)$ ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

(গ) দেখাও যে, $g^{-1}(x)$ একটি ফাংশন। ৪

২। $a = (p+q+r)(pq+qr+rp)$, $b = \frac{x+1}{x^3-3x^2+2x-2}$

(ক) দেখাও যে, $a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$ ২

(খ) $a = pqr$ হলে, দেখাও যে, $(p+q+r)^5 = p^5 + q^5 + r^5$ ৪

(গ) b কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। ৪

৩। $\left(x^3 - \frac{2}{x}\right)^6 = q$, $(3+ka)^7 = p$

(ক) $(x-3y)^6$ এর বিস্তৃতির মধ্যপদ নির্ণয় কর। ২

(খ) $n = 8$ হলে, q এর বিস্তৃতির কততম পদটি x বর্জিত তা নির্ণয়পূর্বক x বর্জিত পদ নির্ণয় কর। ৪

(গ) p কে বিস্তৃত কর এবং a^3 এর সহগ -22680 হলে, k এর মান নির্ণয় কর। ৪

খ-বিভাগ : জ্যামিতি ও ভেক্টর

৪। i) DEFG বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ এর DF ও EG কর্ণদ্বয় পরস্পর H বিন্দুতে লম্বভাবে ছেদ করে। $HP \perp FG$ এবং বর্ধিত PH, DE কে Q বিন্দুতে ছেদ করে।

ii) PQ ব্যাসের ওপর অঙ্কিত অর্ধবৃত্তের PR ও QS জ্যা দুইটি পরস্পর T বিন্দুতে ছেদ করে।

(ক) $\triangle ABC$ -এর $\angle B = 90^\circ$ এবং $BD \perp AC$ হলে, প্রমাণ কর যে, $\triangle ABD$ ও $\triangle BCD$ সদৃশকোণী। ২

(খ) (i) হতে প্রমাণ কর যে, $DQ = EQ$ ৪

(গ) প্রমাণ কর যে, $PQ^2 = PR \cdot PT + SQ \cdot TQ$ ৪

৫। i) DEFG চতুর্ভুজের DE, EF, FG ও DG বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R ও S।

ii) $\triangle PQR$ এর QR, PR ও PQ বাহুর মধ্যবিন্দু যথাক্রমে A, B ও C।

(ক) \underline{a} একটি অশূন্য ভেক্টর হলে, প্রমাণ কর যে, $-(-\underline{a}) = \underline{a}$ ২

(খ) ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQRS একটি সামান্তরিক। ৪

(গ) প্রমাণ কর যে, $\vec{PA} + \vec{QB} + \vec{RC} = 0$ ৪

৬। A(3, 2), B(-1, -5), C(4, -7), D(6, -3) হলো xy সমতলের চারটি বিন্দু।

(ক) $2x + y = 5$ রেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর। ২

(খ) ABCD চতুর্ভুজের AC ও BD কর্ণের ছেদবিন্দু নির্ণয় কর। ৪

(গ) $\triangle ABC$ এর মধ্যবিন্দু X, Y ও Z হলে, X, Y, Z এর স্থানাঙ্ক নির্ণয় করে দেখাও যে, $\triangle ABC$ এর ক্ষেত্রফল $= 4\triangle XYZ$ এর ক্ষেত্রফল। ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও সম্ভাবনা

৭। $A = \sin\theta + \cos\theta$, $B = \tan\theta + \cot\theta$, $C = \sec\theta + \operatorname{cosec}\theta$

(ক) $20^\circ 30' 40''$ কে রেডিয়ানে প্রকাশ কর। ২

(খ) দেখাও যে, $C(A^2 - 1) = 2A$ ৪

(গ) $B = 2$ সমীকরণটির সমাধান কর যেখানে $0 < \theta < 2\pi$ ৪

৮। i) একটি থলেতে 4টি লাল, 5টি নীল ও 6টি সবুজ বল আছে।

ii) দুইটি ছক্কা একসাথে নিক্ষেপ করা হলো।

(ক) একটি ছক্কা নিক্ষেপ করা হলো। জোড় অথবা মৌলিক সংখ্যা আসার সম্ভাবনা নির্ণয় কর। ২

(খ) থলে হতে পুনঃস্থাপন না করে পরপর তিনটি বল নেওয়া হলো। বল তিনটি একই রঙের হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৪

(গ) ১ম ছক্কা জোড় এবং ২য় ছক্কা 3 দ্বারা বিভাজ্য সংখ্যা আসার সম্ভাবনা নির্ণয় কর। ৪



আল-আমিন একাডেমী স্কুল এন্ড কলেজ, চাঁদপুর
নির্বাচনি পরীক্ষা-২০২৪; উচ্চতর গণিত (বহুনির্বাচনি)

সময় : ২৫ মিনিট

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ত্রুটিক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। দুই বা ততোধিক সেটের সকল উপাদান নিয়ে গঠিত সেটকে বলা হয়-

- ক) পূরক সেট খ) সংযোগ সেট
গ) ফাঁকা সেট ঘ) সেটের অন্তর

২। $f(x) = x^3 + 3$ হলে $f^{-1}(3)$ এর মান কত?

- ক) 0 খ) 4
গ) 27 ঘ) 10

৩। $l^2 + m^2 + n^2$ রাশিটি হলো-

- (i) প্রতিসম
(ii) সমমাত্রিক
(iii) চক্রক্রমিক

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪। বহুপদীতে 0 মাত্রায়ুক্ত পদটিকে কী বলে?

- ক) মুখ্যপদ খ) ধ্রুবপদ
গ) মুখ্য সহগ ঘ) সহগ

■ নিচের তথ্যের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :

ΔABC এর মধ্যমাত্রয় $AD = 3$ সে.মি.,
 $BE = 4$ সে.মি. এবং $CF = 5$ সে.মি.
পরস্পর P বিন্দুতে ছেদ করেছে।

৫। $PD : AP =$ কত?

- ক) 2 : 1 খ) 1 : 2
গ) 6 : 2 ঘ) 2 : 6

৬। $AB^2 + BC^2 + AC^2 =$ কত?

- ক) 37.50 খ) 75
গ) 66.67 ঘ) 1.50

৭। $x = 30^\circ$ হলে, $\angle x$ এর অর্ধসম্পূরক কোণের পরিমাণ কত?

- ক) 30° খ) 60°
গ) 75° ঘ) 150°

৮। $(3\sqrt{3})^{2x+1} = (\sqrt{3})^{x+6}$ হলে $x = ?$

- ক) 10 খ) 15 গ) 5 ঘ) $\frac{3}{5}$

৯। $x \leq \frac{3x}{7} + 4$ অসমতাটির সমাধান সেট কোনটি?

- ক) $S = \{x \in \mathbb{R} : x > 7\}$
খ) $S = \{x \in \mathbb{R} : x < 7\}$
গ) $S = \{x \in \mathbb{R} : x \geq 7\}$
ঘ) $S = \{x \in \mathbb{R} : x \leq 7\}$

■ নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :

$$2 + 0.2 + 0.02 + 0.002 + 0.0002 + \dots$$

১০। ধারাটির দশম পদ কত?

- ক) 10^{-9} খ) 10^9
গ) 2×10^9 ঘ) 2×10^{-9}


১১। ধারাটির অসীমতক সমষ্টি কত?

- ক) $\frac{9}{5}$ খ) $\frac{10}{9}$ গ) $\frac{20}{9}$ ঘ) $\frac{20}{11}$

১২। $\cos \theta = -\frac{1}{2}$ এবং $0 \leq \theta \leq 2\pi$ হলে $\theta =$ কত?

- ক) $\frac{4\pi}{3}$ খ) $\frac{2\pi}{3}$ গ) $\frac{\pi}{3}$ ঘ) $-\frac{4\pi}{3}$

১৩।



উপরের চিত্র অনুসারে,

- (i) $AB^2 = 5$ একক
(ii) $2\cos \theta + \sqrt{3} = 2\sqrt{3}$
(iii) $\sin \theta + 2\cos^2 \theta = 2$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪। $\sin 5A = \cos 5A$ হলে, A এর মান কত?

- ক) 6° খ) 9°
গ) 12° ঘ) 18°

১৫। যদি $\sqrt[3]{x^2} = (x^a \sqrt{x^a})^b$ হয়, তাহলে ab এর মান কত?

- ক) 1 খ) $\frac{2}{3}$ গ) $\frac{4}{9}$ ঘ) $\frac{2}{9}$

১৬। $-13\sqrt{13}$ এর ঘনমূল কত?

- ক) -13 খ) $\sqrt[3]{13}$
গ) $\sqrt{13}$ ঘ) $-\sqrt{13}$

১৭। $(a + b)^{10}$ এর বিস্তৃতিতে পদসংখ্যা কত হবে?

- ক) 10 খ) 11
গ) 9 ঘ) 100

১৮। $\left(y + \frac{1}{y}\right)^4$ এর বিস্তৃতিতে y বর্জিত পদ কোনটি?

